



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৯ ডিসেম্বর ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

নিউ এজ সম্পাদক নূরুল কবীরের ওপর হামলা-হেনস্তার ঘটনায় উদ্বেগ প্রকাশ

ঢাকায় দুর্বৃত্ত কর্তৃক প্রকাশ্যে গুলিবিদ্ধ হয়ে সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় শরীফ ওসমান হাদির মৃত্যুকে কেন্দ্র করে প্রথম আলো ও ডেইলি স্টার কার্যালয়ে হামলা-ভাংচুর-অগ্নিসংযোগকালে আটকে পড়া সাংবাদিকদের সহায়তা করতে যাওয়া সম্পাদক পরিষদের সভাপতি ও ইংরেজি দৈনিক নিউ এজ-এর সম্পাদক নূরুল কবীরের ওপর হামলা-হেনস্তার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ শুক্রবার (১৯ ডিসেম্বর ২০২৫) সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে ইউপিডিএফের সহসভাপতি নূতন কুমার চাকমা বলেন, প্রকাশ্যে দিবালোকে ওসমান হাদিকে গুলি ও পরে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু এবং এ ঘটনাকে কেন্দ্র করে প্রথম আলো, ডেইলি স্টার কার্যালয়সহ দেশের বিভিন্ন স্থানে তাণ্ডবলীলা ও 'মব' সৃষ্টি করে নিউ এজ সম্পাদক নূরুল কবীরের ওপর হামলা-হেনস্তার ঘটনা অত্যন্ত উদ্বেগজনক। অন্তর্বর্তী সরকার ও আইন-শৃঙ্খলা বাহিনী পরিস্থিতি নিয়ন্ত্রণে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। এর দায় সরকার কখনো এড়াতে পারে না।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা অবিলম্বে ওসমান হাদি হত্যাকাণ্ডসহ সাংবাদিক নূরুল কবীরের ওপর হামলা-হেনস্তার সাথে জড়িতদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণের জোর দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।